করোনায় দেশে আরও ৩৮ জনের প্রাণহানি

দেশে গত ২৪ ঘণ্টায় করোনাভাইরাসে আক্রান্ত হয়ে আরও ৩৮ জনের মৃত্যু হয়েছে। এ নিয়ে মোট মৃতের সংখ্যা দাঁড়িয়েছে ১১ হাজার ৯৭২ জনে।

এই সময়ে নতুন করে আক্রান্ত হয়েছেন এক হাজার ৫১৪ জন। এ নিয়ে দেশে এখন পর্যন্ত মোট করোনা আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৭ লাখ ৭৫ হাজার ২৭ জনে।

সোমবার স্বাস্থ্য অধিদপ্তর থেকে পাঠানো প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

কোভিড-১৯ দূর্যোগে ক্ষতিগ্রস্ত শ্রমিকদের মাঝে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার বিতরণ

কোভিড-১৯ দূর্যোগে ক্ষতিগ্রস্ত অসহায় মানুষের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার (চাউল) বিতরণ করা হয়েছে। সোমবার সকালে

মেহেরপুর জেলা প্রশাসক কার্যালয় চত্বরে করোনা ভাইরাসে ক্ষতিগ্রস্ত অসচ্ছল ও কর্মহীন প্রায় দুই হাজার (মেহেরপুর সদর, মজিবনগর, গাংনী) জন মটর শ্রমিকের মাঝে প্রধানমন্ত্রীর উপহার (চাউল) বিতরণ করা হয়।

সদর উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম উপস্থিত থেকে মটর শ্রমিকদের মাঝে সামাজিক দূরত্ব বজায় রেখে প্রধানমন্ত্রীর উপহার

সামগ্রী বিতরণ করেন। এ সময় তিনি বলেন, আপনারা হতাশ হবেন না। মাননীয় প্রধানমন্ত্রী আপনাদের নিয়ে ভাবছেন। তিনি আপনাদের জন্য খাদ্য সামগ্রী পাঠিয়েছেন। একজন মানুষকেও না খেয়ে থাকতে দেয়া হবে না। এই সময় কর্মহীন মটর শ্রমিকরা প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী পেয়ে অনেক আনন্দিত। তারা বলেন করোনাকালীন সময়ে আমরা কর্মহীন হয়ে মানবেতর জীবন যাপন করছিলাম ঠিক সে সময় প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী পেয়ে আমরা অনেক উপকৃত হলাম।

অনুমতি মিললে খালেদা জিয়াকে আজই বিদেশ নেওয়া হতে পারে

করোনা আক্রান্ত বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে বিদেশ নিতে চেয়ে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের কাছে আবেদন করেছেন তার ছোট ভাই শামীম ইস্কান্দার। আবেদনপত্রটি পর্যালোচনার জন্য আইন মন্ত্রণালয়ে পাঠিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী।

অনুমতি মিললে আজকের মধ্যেই সাবেক প্রধানমন্ত্রীকে বিদেশ নেওয়া হতে পারে বলে সংশ্লিষ্ট সূত্র জানিয়েছে।

সূত্র জানিয়েছে, সরকারের আনুষ্ঠানিক অনুমতি পাওয়ার সঙ্গে সঙ্গেই উন্নত চিকিৎসার উদ্দেশে লন্ডন রওনা করবেন করোনাভাইরাসে আক্রান্ত হয়ে এভারকেয়ার হাসপাতালের সিসিইউতে চিকিৎসাধীন বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়া।

বিএনপি চেয়ারপারসন সংশ্লিষ্ট সূত্রগুলো বলছে, বৃহস্পতিবার যেকোনো সময় তাকে চার্টার্ড বিমানে করে সিঙ্গাপুর হয়ে লন্ডন নেওয়া হবে। সঙ্গে খালেদা জিয়ার ব্যক্তিগত চিকিৎসকদল এবং পরিবারের সদস্যরাও থাকবেন।

তবে বিএনপি চেয়ারপারসনের প্রেস উইং সদস্য শায়রুল কবির খান এ বিষয়ে নিশ্চিত করে এখনও কিছু জানাতে পারেননি।

এর আগে বুধবার রাতে খালেদা জিয়াকে বিদেশ নিয়ে যেতে

স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন করেন তার ছোট ভাই শামীম ইস্কান্দার।

রাত সাড়ে ৮টায় স্বরাষ্ট্রমন্ত্রীর ধানমণ্ডির বাসায় আবেদনটি নিয়ে যান তিনি।

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেন, রাত সাড়ে ৮টায় বিএনপি চেয়ারপারসনের ছোট ভাই একটি আবেদন দিয়েছেন। সেটা আমি গ্রহণ করেছি। আবেদনটি আইন মন্ত্রণালয়ে পাঠাব। তারা বিষয়টি পরীক্ষা-নিরীক্ষা করে আমাদের যে নির্দেশনা দেবে সে অনুযায়ী আমরা পরবর্তী পদক্ষেপ নেব।

তিনি আরও বলেন, তার উন্নত চিকিৎসার জন্য বিদেশ নেওয়ার প্রয়োজন হলে বিষয়টি আমরা ইতিবাচক দৃষ্টিতে দেখব। এদিকে মন্ত্রণালয়ের একটি সূত্র জানায়, লিখিত আবেদনটি পাওয়ার পরপরই মতামতের জন্য রাতেই তা আইন সচিবের কাছে পাঠানো হয়েছে।

গত ১১ এপ্রিল খালেদা জিয়ার করোনা শনাক্ত হয়। এরপর থেকে গুলশানের বাসা ‘ফিরোজায়’ তার ব্যক্তিগত চিকিৎসক অধ্যাপক ডা. এফএম সিদ্দিকীর নেতৃত্বে চিকিৎসা শুরু হয়। করোনা আক্রান্তের ১৪ দিন অতিক্রান্ত হওয়ার পর খালেদা জিয়ার করোনা টেস্ট করা হলে ফলাফল আবারও পজিটিভ আসে। এরপর কিছু পরীক্ষার জন্য তাকে রাজধানীর এভারকেয়ার হাসপাতালে নেওয়া হয়। প্রথম দফায় পরীক্ষা করে বাসায় ফেরার পর দ্বিতীয় দফায় ২৭ এপ্রিল তাকে ফের হাসপাতালে নেওয়া হয়। সোমবার ভোরের দিকে শ্বাসকষ্ট বেড়ে যাওয়ায় খালেদা জিয়াকে সিসিইউতে (করোনারি কেয়ার ইউনিট) স্থানান্তর করা হয়েছে। বর্তমানে তিনি সেখানেই আছেন।

এদিকে খালেদা জিয়ার ব্যক্তিগত চিকিৎসকরা জানিয়েছেন, বিএনপি চেয়ারপারসনের করোনার কিছু পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিয়েছে। তার ফুসফুস থেকে তরল জাতীয় পদার্থ (ফ্লুইড) অপসারণ করা হয়েছে। তার ডায়াবেটিস পুরোপুরি নিয়ন্ত্রণে থাকছে না। এর মাত্রা ওঠানামা করছে। এছাড়া অক্সিজেনের মাত্রাও কিছুটা কমেছে।

এমন পরিস্থিতিতে খালেদা জিয়াকে উন্নত চিকিৎসার জন্য বিদেশ নেওয়ার জোর আলোচনা শুরু হয়। খালেদা জিয়ার ভাই শামীম এস্কান্দার ও বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর সোমবার রাতে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের সঙ্গে টেলিফোনে খালেদা জিয়ার উন্নত চিকিৎসার জন্য বিদেশ নেওয়ার বিষয়ে আলাপ করেন।

এভারকেয়ার হাসপাতালের হৃদরোগ বিশেষজ্ঞ ডা. শাহবুদ্দিন তালুকদারের নেতৃত্বে ১০ সদস্যের মেডিকেল বোর্ড সর্বশেষ বুধবার সন্ধ্যা ৭টায় অবস্থা পর্যালোচনা করে খালেদা জিয়াকে উন্নত চিকিৎসার জন্য বিদেশে নেওয়ার সুপারিশ করেন। সন্ধ্যায় বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর হাসপাতালে যান এবং চিকিৎসকদের সঙ্গে কথা বলে দলের চেয়ারপারসনের শারীরিক অবস্থা সম্পর্কে অবহিত হন।

একটি সূত্র জানায়, বিদেশ নেওয়ার অনুমতি পেতে সরকারের উচ্চ পর্যায়ে যোগাযোগ করেন খালেদা জিয়ার পরিবার। সরকারের সবুজ সংকেত পাওয়ার পর বুধবার রাতে স্বরাষ্ট্রমন্ত্রীর কাছে আবেদন জমা দেন।

সরকারের নির্বাহী আদেশে গত বছর ২৫ মার্চ মুক্তি পান খালেদা জিয়া। এরপর তার মুক্তির মেয়াদ দুই দফা বাড়ানো হয়েছে। যে নির্বাহী আদেশে খালেদা জিয়াকে মুক্তি দিয়েছিল সরকার তাতে শর্ত ছিল তিনি বিদেশে যেতে বা বিদেশে চিকিৎসা নিতে পারবেন না। এখন তাকে বিদেশ যেতে হলে সরকারের নির্বাহী আদেশের শর্ত শিথিল করতে হবে।

এ প্রসঙ্গে আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, সরকার সেই শর্তটি শিথিল করলে খালেদা জিয়ার বিদেশে যেতে আইনগত কোনো বাধা থাকে না। এটা নির্ভর করছে একেবারেই সরকারের সিদ্ধান্তের ওপর।

এর আগে গত বছর মার্চে বিদেশে চিকিৎসার জন্য মুক্তি চেয়ে স্বরাষ্ট্র ও আইনমন্ত্রীর কাছে চিঠি দিয়েছিল খালেদা জিয়ার পরিবার।

এদিকে খালেদা জিয়ার শারীরিক অবস্থার সবশেষ পরিস্থিতি সম্পর্কে তার এক চিকিৎসক নাম প্রকাশ না করার শর্তে যুগান্তরকে বলেন, করোনায় আক্রান্ত হয়ে সেরে ওঠা কম বয়সিদের ক্ষেত্রে এই জটিলতাগুলো তেমন কিছু নয়। যেহেতু খালেদা জিয়ার বয়স ৭৬, তাই জটিলতাগুলো দ্রুত নিয়ন্ত্রণে আনতে চেষ্টা করছেন তারা। কিছু নতুন ওষুধও দেওয়া হচ্ছে। বিএনপির চেয়ারপারসনের শারীরিক অবস্থা সম্পর্কে পরিবার ও দলকে জানানো হয়েছে। আপাতত হাসপাতালে রেখেই তাকে চিকিৎসা দেওয়া হবে। খালেদা জিয়ার মেডিক্যাল বোর্ডের সদস্য তাকে এনজিওপ্লাস্টি করার পরামর্শ দিয়েছেন। তবে তার শারীরিক অবস্থা বিবেচনা করে এ ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

ওই চিকিৎসক আরও বলেন, এখন পর্যন্ত শারীরিক যে অবস্থা, তাতে আমরা আশা করছি, তিনি সুস্থ হয়ে উঠবেন। করোনায় আক্রান্ত ব্যক্তিরা

সেরে ওঠার পর এ ধরনের কিছু জটিলতায় ভোগেন। তবে খালেদা জিয়ার বয়স হয়েছে। এ কারণে চিকিৎসকেরা বিষয়টি নিবিড় পর্যবেক্ষণে রেখেছেন। ফুসফুস থেকে যে তিন ব্যাগ ফ্লুইড বের করা হয়েছে, তা পরীক্ষা- নিরীক্ষা করা হয়েছে। সেখানে অন্য কোনো রোগের জীবাণু পাওয়া যায়নি।

বিএনপিপন্থি চিকিৎসকদের সংগঠন ড্যাবের এক নেতা জানান, অক্সিজেন দেওয়ার পাশাপাশি স্বাভাবিকভাবে শ্বাসপ্রশ্বাস নিতে পারছেন খালেদা জিয়া। তবে সে ক্ষেত্রে অক্সিজেনের মাত্রা কখনো ৯০ বা তার নিচে নেমে যায়। অক্সিজেন দিলে এর মাত্রা ৯৯ পর্যন্ত থাকে। দিনে তাকে দুই থেকে চার লিটার পর্যন্ত অক্সিজেন দেওয়া হচ্ছে। কয়েক দিন যদি এটি অব্যাহত থাকে, সে ক্ষেত্রে অল্প কয়েক দিনের মধ্যে শ্বাসকষ্ট থাকবে না বলেই তারা আশা করছেন। এক ভার্চুয়াল অনুষ্ঠানে বুধবার বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, আমাদের দেশনেত্রী খালেদা জিয়া অত্যন্ত অসুস্থ অবস্থায় হাসপাতালে আছেন। তার আশু রোগমুক্তির জন্য দেশবাসীর কাছে দোয়া চান তিনি।

করোনায় আরও ৬৫ জনের মৃত্যু

দেশে করোনাভাইরাসে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও ৬৫ জন প্রাণ হারিয়েছেন। এ নিয়ে দেশে করোনায় প্রাণ হারালেন মোট ১১ হাজার ৬৪৪ জন। আর গত ২৪ ঘণ্টায় প্রাণঘাতী ভাইরাসটি ধরা পড়েছে ১ হাজার ৭৩৯ জনের শরীরে।

মৃতদের তাদের মধ্যে পুরুষ ৪২ জন ও নারী ২৩ জন। ৬৫ জনের মধ্যে সরকারি হাসপাতালে ৪৫ জন, বেসরকারি হাসপাতালে ১৫ জন ও পাঁচজন বাসায় মারা যান।

২৪ ঘণ্টায় ১৯ হাজার ৪৩১ জনের নমুনা পরীক্ষা করা হয়েছে । নমুনা পরীক্ষার তুলনায় শনাক্তের হার ৮.৯৫ শতাংশ।

এ নিয়ে মোট শনাক্তের সংখ্যা দাঁড়িয়েছে ৭ লাখ ৬৩ হাজার ৬৮২ জন।

সোমবার স্বাস্থ্য অধিদপ্তরের প্রেস বিজ্ঞপ্তি থেকে এ তথ্য জানা

গেছে।

বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে, গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন আরও ৩ হাজার ৮৩৪ জন। এখন পর্যন্ত মোট সুস্থ হয়েছেন ৬ লাখ ৯১ হাজার ১৬২ জন।

এর আগে ২ মে (গতকাল) দেশে করোনায় ৬৯ জন মারা যান, আর নতুন করে শনাক্ত হয় ১ হাজার ৩৫৯ জন।

এদিকে করোনায় আক্রান্ত ও প্রাণহানির পরিসংখ্যান রাখা ওয়েবসাইট ওয়ার্ল্ডওমিটারের তথ্যানুযায়ী,গত ২৪ ঘণ্টায় বিশ্বে প্রাণহানি ঘটেছে ৯ হাজার ৯৬০ জনের। নতুন করে আরও ৬ লাখ ৮০ হাজার ১৬০ জন আক্রান্ত হয়েছেন। এ নিয়ে বিশ্বে মোট করোনায় মৃত্যু হয়েছে ৩২ লাখ ১৬ হাজার ২১৪ জনের। আক্রান্ত হয়েছেন ১৫ কোটি ৩৪ লাখ ৮১ হাজার ৬১৩ জন। সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ১৩ কোটি ৭৯ লাখ এক হাজার ৪৬৪ জন।

করোনায় এখন পর্যন্ত সবচেয়ে বেশি সংক্রমণ ও মৃত্যু হয়েছে বিশ্বের ক্ষমতাধর দেশ যুক্তরাষ্ট্রে। তালিকায় শীর্ষে থাকা দেশটিতে এখন পর্যন্ত করোনা সংক্রমিত হয়েছেন ৩ কোটি ৩১ লাখ ৮০ হাজার ৪৪১ জন। মৃত্যু হয়েছে ৫ লাখ ৯১ হাজার ৬২ জনের।

আক্রান্তে দ্বিতীয় ও মৃত্যুতে তৃতীয় অবস্থানে থাকা ভারতে এখন পর্যন্ত সংক্রমিত হয়েছেন এক কোটি ৯৯ লাখ ১৯ হাজার ৭১৫ জন এবং মারা গেছেন ২ লাখ ১৮ হাজার ৯৪৫ জন।

আক্রান্তে তৃতীয় এবং মৃত্যুতে দ্বিতীয় অবস্থানে থাকা ব্রাজিল এখন পর্যন্ত করোনায় এক কোটি ৪৭ লাখ ৫৪ হাজার ৯১০ জন সংক্রমিত হয়েছেন। মৃত্যু হয়েছে ৪ লাখ ৭ হাজার ৭৭৫ জনের।

কুষ্টিয়ায় বৃদ্ধাশ্রমে শাড়ী,

শুকনা খাবার, ঔষধ ও মাস্ক বিতরণ

কুষ্টিয়ায় পুলিশ নারী কল্যান সমিতি (পুনাক)’র উদ্যোগে বৃদ্ধ মহিলাদের মাঝে মাস্ক, শুকনো খাবার, শাড়ী-কাপড় ও ঔষধপত্রাদি বিতরণ করা হয়েছে।
গতকাল শুক্রবার সকালে কুষ্টিয়া শহরের পূর্বমজমপুর এলাকায় উদয় সমাজ উন্নয়ন সংস্থার “মা ও শিশু পূনর্বাসন কেন্দ্রে’র ৩০ জন বৃদ্ধাদের মাঝে এসব বিতরণ করা হয়।

কুষ্টিয়ার পুলিশ সুপার মোঃ খাইরুল আলমের সহধর্মিণী ও পুনাকের সভানেত্রী দিলরুবা আলম প্রধান অতিথি হিসেবে এ মহতি কার্যক্রমে অংশ গ্রহণ করেন।
পুনাক সভানেত্রী পূনর্বাসন কেন্দ্রের সকলের সাথে মতবিনিময়ে তাদের খাদ্য, বস্ত্র, বাসস্থান ও চিকিৎসা সেবাসহ বিভিন্ন সমস্যার কথা জানতে পারেন এবং মা ও শিশু পূনর্বাসন কেন্দ্রের বৃদ্ধ মহিলাদের পাশে থেকে সেবা করার প্রত্যাশা ব্যক্ত করেন।

এসময় পুনাকের সাধারণ সম্পাদিকা খায়রুন নেসা ও পুনাক কুষ্টিয়ার অন্যান্য সদস্যবৃন্দসহ উদয় সমাজ উন্নয়ন সংস্থার “মা ও শিশু পূনর্বাসন কেন্দ্রে”র পরিচালক অ্যাড. মিঠু, শিল্পী আক্তার উপস্থিত ছিলেন।

মেহেরপুরে করোনায় আরও এক জনের মৃত্যু, মোট ২০

মেহেরপুরে প্রাণঘাতী করোনো ভাইরাসে আক্রান্ত হয়ে রেহেনা খাতুন
(৬৩) নামের আরও এক জনের মৃত্যু হয়েছে।

তিনি মেহেরপুর জেলার গাংনী উপজেলার মাইলমারি গ্রামের বাসিন্দা। তিনি মেহেরপুর সরকারি হাসপাতালে করোনা ওয়ার্ডে চিকিৎসাধীন

অবস্থায় দুপুর দুইটার সময় মৃত্যু বরণ করেন। এ নিয়ে জেলায় মৃত্যুর সংখ্যা দাড়ালো ২০ জনে।

এ দিকে আজ নতুন করে কেউ করোনায় আক্রান্ত হয় নি। জেলায় মোট করোনা রোগী দাঁড়াল ১৪ মার্চ ২০২১ থেকে আজ পর্যন্ত আক্রান্তের সংখ্যা ১৩৮ জন। এ পর্যন্ত সর্বমোট পজিটিভ ৯০৮ টি।

আজ বৃহস্পতিবার সন্ধ্যায় মেহেরপুরের সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন জানান, ফলাফল এসেছে ১৮ টি। এর মধ্যে নতুন করে কোন করোনা রোগী শনাক্ত হয়নি। নমুনা পাঠানো হয়েছে ১৮ টি।

এ নিয়ে মেহেরপুর জেলায় বর্তমানে পজিটিভ কেইস এর সংখ্যা ২২(সদরে-০৮, গাংনীতে- ০৯, মুজিবনগরে- ০৫) জন।

এ পর্যন্ত মোট প্রাপ্ত রিপোর্টের সংখ্যা- ৬৬০১ টি। মৃত্যু- ২০ জন (সদরে- ৯, গাংনীতে- ৯, মুজিবনগরে- ২), সুস্থ্য- ৭৯৮ জন, ট্রান্সফার্ড- ৬৬ জন।

সবাইকে সামাজিক দূরত্ব মেনে নিয়মিত সাবান-পানি দিয়ে হাত ধোবার অভ্যাস বজায় রাখাসহ মাস্ক ব্যাবহার, জন সমাগম এড়িয়ে চলা এবং হাঁচি-কাশির শিষ্ঠাচার মেনে চলার আহবান জানিয়েছেন সিভিল সার্জন ডাঃ নাসির উদ্দিন।

আলমডাঙ্গায় মাস্ক না পরায় রোদে বসিয়ে শাস্তি

আলমডাঙ্গায় করোনা সংক্রমণ রোধে মাস্ক না পরায় কয়েকজন যুবককে ঘন্টা ব্যাপি রোদে বসিয়ে শাস্তি দিয়েছে থানা পুলিশ। গতকাল বৃহস্পতিবার বেলা ১১ টার দিকে পৌর এলাকায় এ অভিযান পরিচালনা করেন। এছাড়াও জেলা পুলিশের উদ্যেগে শহরে সাধারণ মানুষের নিকট মাস্ক বিতরণ করেন।

জানা গেছে, দেশে বেড়েছে করোনা ভাইরাসের দ্বিতীয় ধাপের সংক্রমণ। সরকারের দেওয়া সর্বাতœক লকডাউনের ১৪ দিন পার হয়েছে।

স্বাস্থ্যবিধি মেনে দোকান ও শপিং মল খোলা রাখা নির্দেশ দিয়েছে সরকার। এরই ধারাবাহিকতায় জেলা পুলিশের উদ্যেগে আলমডাঙ্গা থানা পুলিশ শতভাগ মাস্ক পরিধান নিশ্চিতে বিভিন্ন উদ্যেগ গ্রহণ করেন।

আলমডাঙ্গা শহরে প্রতিদিন থানা পুলিশের উদ্যেগে সামাজিক দুরত্ব বজায় রাখাসহ শতভাগ মাস্ক পরিধানে প্রচার প্রচারণা করেন। এছাড়াও মাস্ক বিতরণ করেন।

গতকাল বৃহস্পতিবার সকাল ১১টার দিকে অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) জাহাঙ্গীর আলমের নেতৃতে এ অভিযান পরিচালিত হয়।

এ অভিযান পরিচালনাকালে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ আলমগীর কবীর পুলিশ পরিদর্শক (তদন্ত) মাসুদুর রহমান ও পুলিশ পরিদর্শক (অপারেশন) দেবব্রত রায়।

এ সময় সকাল ১১ টার দিকে মাস্ক না পড়ে ঘুরে বেড়ানোর অপরাধে আটক করে থানায় নিয়ে আসা হয়। মাস্ক না পরার অপরাধে ঘন্টা ব্যাপি প্রখর রোদে বসিয়ে সাজা দেয় থানা পুলিশ।

ভারতে সব রেকর্ড ছাড়িয়ে একদিনে আক্রান্ত পৌনে ৪ লাখ মানুষ

ভারতে সব রেকর্ড ছাড়িয়ে একদিনে আক্রান্ত ৩৭৯৪৫৯
করোনাভাইরাসে বিপর্যস্ত ভারতে প্রতিদিনই নতুন রেকর্ড তৈরি হচ্ছে সংক্রমণ ও মৃত্যুতে।

মোট মৃত্যু দুই লাখ ছাড়ানোর পর দিনই নতুন আক্রান্ত ও মৃত্যুতে রেকর্ড গড়ল দেশটি। দেশটিতে গত ২৪ ঘণ্টায় মারা গেছেন রেকর্ড তিন হাজার ৬৪৭ জন। আর আক্রান্ত হয়েছেন তিন লাখ ৭৯ হাজার ৪৫৯ জন।

ভারতে করোনার ইতিহাসে এটিই সর্বোচ্চ আক্রান্ত ও মৃত্যুর রেকর্ড।

বৃহস্পতিবার সকাল পর্যন্ত দেশটিতে মোট করোনাভাইরাসে আক্রান্ত

করোনার হানা এবার মোদির পরিবারে

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে এবার মারা গেলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির চাচি নরমাদাবেন মোদি।

মঙ্গলবার আহমেদাবাদের এক হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয় বলে হিন্দুস্তান টাইমস জানিয়েছে।

প্রধানমন্ত্রীর ছোট ভাই প্রহ্লাদ মোদি বলেন, করোনাভাইরাসে আক্রান্ত হয়ে অবস্থার অবনতি হলে দশ দিন আগে আমাদের চাচি নরমাদাবেনকে সিভিল হাসপাতালে ভর্তি করা হয়। আজ তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেছেন।

৮০ বছর বয়সী নরমাদাবেন আহমেদাবাদের নিউ রানিপ এলাকায় সন্তানদের সঙ্গে বসবাস করতেন। নরেন্দ্র মোদির বাবা দামোদরদাসের ছোট ভাই জগজীবনদাসের স্ত্রী ছিলেন তিনি।

এদিকে ভারতে করোনায় আক্রান্ত ও মৃতের সংখ্যা হু হু করে বাড়ছে। অতীতের সব রেকর্ড ছাড়িয়ে গত ২৪ ঘণ্টায় দেশটিতে আক্রান্তের সংখ্যা ৩ লাখ ৬০ হাজার ছাড়িয়ে গেছে।

মঙ্গলবারের তুলনায় আক্রান্তের সংখ্যা বেড়েছে প্রায় ৩৭ হাজার। পাশাপাশি গত ২৪ ঘণ্টায় মৃত্যু হয়েছে তিন হাজার ২৯৩ জনের।

গত ২৪ ঘণ্টায় ভারতে করোনা পরীক্ষা হয়েছে ১৭ লাখের বেশি। সংক্রমণ হারও ছাড়িয়েছে ২০ শতাংশ। অর্থাৎ করোনা পরীক্ষা হওয়া ৫ জনের মধ্যে একজনের রিপোর্ট পজিটিভ এসেছে। এর মধ্যেই দেশটিজুড়ে চলছে টিকাদান কর্মসূচি।

৫ মে পর্যন্ত সর্বাত্মক লকডাউন, প্রজ্ঞাপন জারি

কোভিড-১৯ এর সংক্রমণ রোধে চলমান সর্বাত্মক লকডাউনের বিধিনিষেধের মেয়াদ এক সপ্তাহ বাড়ল। আগামী ৫ মে পর্যন্ত লকডাউনের মেয়াদ বাড়িয়ে বুধবার মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি করা হয়েছে।

এর আগে ভারতে করোনাভাইরাস পরিস্থিতি ভয়াবহ আকার ধারণ করায় গত ২৫ এপ্রিল দেশটির সঙ্গে সীমান্ত বন্ধ করার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ সরকার।

২৬ এপ্রিল থেকে পরবর্তী ১৪ দিনের জন্য দেশটির সঙ্গে সীমান্ত বন্ধ থাকবে।

এর আগে সোমবার সর্বাত্মক লকডাউনের মেয়াদ এক সপ্তাহ বাড়ানোর সিদ্ধান্ত নেয় সরকার। সেদিন আন্ত:মন্ত্রণালয়ের সভায় এই সিদ্ধান্ত হয়। সভা শেষে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন গণমাধ্যমকে বলেন, ভারতে করোনার সার্বিক পরিস্থিতি অত্যন্ত খারাপ। এটা আমাদের দেশেও ছড়িয়ে যেতে পারে। সেজন্য জনস্বাস্থ্য বিশেষজ্ঞদের পরামর্শ হলো, সার্বিক করোনা পরিস্থিতি বিবেচনা করে যে অবস্থাটা আছে সেটি আরও এক সপ্তাহ কন্টিনিউ করা। না হলে এটা আরও ভয়াবহ অবস্থা ধারণ করতে পারে। সে ব্যাপারে সিদ্ধান্ত হয়েছে। সেজন্য বিধিনিষেধ আরও এক সপ্তাহ বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে সরকার।

তিনি আরও বলেন, লকডাউনে রাত ৮টা পর্যন্ত শপিংমল খোলা থাকবে। মানুষকে অবশ্যই কঠোর স্বাস্থ্যবিধি মেনে শপিংমলে যেতে হবে। তবে গণপরিবহন চলাচল বন্ধ থাকবে। সরকারি অফিস-আদালতও যথারীতি বন্ধ থাকবে।

এছাড়া করোনা সংক্রমণ বেড়ে যাওয়ার কারণে আসন্ন পবিত্র ঈদুল ফিতরের নামাজের জামাত ঈদগাহ বা খোলা জায়গার পরিবর্তে নিকটস্থ মসজিদে আদায়ের নির্দেশ দিয়েছে সরকার। মসজিদে জামাত শেষে কোলাকুলি এবং পরস্পর হাত মেলানো পরিহার করাসহ ১২টি নির্দেশনা দেওয়া হয়েছে।

করোনাভাইরাসের দ্বিতীয় ঢেউ মোকাবিলায় প্রথমবার ৫ থেকে ১১

এপ্রিল পর্যন্ত গণপরিবহন চালু রেখে বিধিনিষেধ দেওয়া হয়। সেটি আরও দুদিন বাড়ানো হয়। পরে ১৪ এপ্রিল থেকে শুরু হয় এক সপ্তাহের কঠোর বিধিনিষেধ। এটি বাড়িয়ে ২৮ এপ্রিল পর্যন্ত করা হয়। যদিও শপিং মল খোলাসহ বেশকিছু বিষয়ে বিধিনিষেধের শর্ত শিথিল করেছে সরকার।

সেই মেয়াদ আজ শেষ হওয়ার কথা ছিল। আজ আরেক দফা বাড়িয়ে সর্বাত্মক লকডাউন ৫ মে মধ্যরাত পর্যন্ত করা হয়েছে।